গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
ট্যুরিস্ট পুলিশ, ময়মনসিংহ রিজিয়ন
কেওয়াটখালী রোড, বলাশপুর, ময়মনসিংহ।
www.tourist.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৯৩.১১৭.২৪- ৫৬৪ তারিখঃ ০৪/০৩/২০২৪ খ্রি.

## মাসিক কল্যাণ সভার কার্যবিবরণী

০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার ১১.০০ ঘটিকায় ড. মোঃ আশরাফুর রহমান, পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, ময়মনসিংহ রিজিয়ন এর কার্যালয়ের সম্মেলন কক্ষে ময়মনসিংহ রিজিয়ন/জোনের অফিসার ও ফোর্সদের নিয়ে মাসিক কল্যাণ, প্রশাসনিক ও অপারেশনাল সভার কার্যবিবরনী ঃ

সভাপতি ঃ ড. মোঃ আশরাফুর রহমান, পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, ময়মনসিংহ রিজিয়ন।

স্থান ঃ ট্যুরিস্ট পুলিশ, ময়মনসিংহ রিজিয়ন সম্মেলন কক্ষ, ময়মনসিংহ।

তারিখ ঃ ০৩/০৩/২০২৪ খ্রিঃ, রোজ রবিবার ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

**সভার বিষয় ঃ** মাসিক কল্যাণ, প্রশাসনিক ও অপারেশনাল সভা।

মাসিক কল্যান সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগন উপস্থিত ছিলেন ঃ

১। জনাব মোহাম্মদ রুহুল আমিন তালুকদার, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন।

এছাড়াও ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোনের অধীনস্থ অফিসার ও ফোর্সগণ সভায় অংশগ্রহণ করেন।

**অতিরিক্ত আইজিপি ট্যুরিস্ট পুলিশ, ঢাকা মহোদয়ের সভার নির্দেশনার আলোকে নিম্নে বর্ণিত বিষয়ে আলোচনা করা হয়ঃ-**

১) পর্যটন স্পট ভিত্তিক কমিউনিটি পুলিশিং চালু করা এবং স্টেকহোল্ডারদের আস্থায় রেখে ট্যুরিস্ট পুলিশের তৎপরতা বৃদ্ধিকরণ।
২) জোন ইনচার্জ ফোর্সের নিয়মিত পিটি প্যারেড নিশ্চিত করবেন।
৩) জোন ইনচার্জ উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও), থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে নিয়মিত যোগাযোগ রাখা এবং স্থানীয়ভাবে যোগাযোগের মাধ্যমে ট্যুরিস্ট পুলিশের প্রতি আস্থা বৃদ্ধির চেষ্টা করা।
৪) ময়মনসিংহ রিজিয়নের প্রত্যেক সদস্য কোয়ালিটি পূর্ণ কাজ করবে ।
৫) উত্তম ইউনিফর্ম পরিধান করতে হবে।
৬) Speed and Accuracy'র ভিত্তিতে ট্যুরিস্ট পুলিশ ফেইসবুকসহ সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশি বেশি আপলোড করা এবং ফেইসবুক পেইজে ফলোয়ার বৃদ্ধির নির্দেশনা দেন।
৭) জোন ইনচার্জ বার্ষিক কর্মসম্পাদ চুক্তি (এপিএ) এর সাথে সমন্বয় রেখে সকল ধরনের কর্যাবলী সম্পাদন করবেন।

সভাপতির অনুমতিক্রমে মোহাম্মদ রুহুল আমিন তালুকদার , পুলিশ পরিদর্শক ময়মনসিংহ রিজিয়ন সভার কার্যক্রম শুরু করেন।

## মাসিক কল্যাণ, প্রশাসনিক ও অপারেশনাল সভার আলোচ্য বিষয় ঃ

## কল্যাণ বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | পত্র প্রেরণ |
|---|---|---|---|
| অধঃস্তনকর্মচারীদের উপস্থিতি বেতন-ভাতাদি, রেশন, পোষাক সামগ্রী, ছুটি, আবাসন, মেস, চিকিৎসা ও ঔষধ সংক্রান্ত এবং অন্যান্য বিষয়ে তথ্য উপস্থাপন। | কল্যাণ সভায় উপস্থিত সকল সদস্যদের বেতন-ভাতাদি, রেশন, পোষাক সামগ্রী, ছুটি, আবাসন, মেস, চিকিৎসা ও ঔষধ সংক্রান্ত বিষয়ে কোন বক্তব্য নেই।<br>১। ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়নের পুলিশ পরিদর্শক (নিঃ) মোহাম্মদ রুহুল আমীন তালুকদার জানান যে, ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়নের পুলিশ সুপার এর জন্য উন্নতমানের ডেক্সটপ (কম্পিউটার) ০১ টি এবং ০১ টি প্রিন্টারের জন্য অনুরোধ করেন।<br>সভাপতি মহোদয় ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় পুলিশ সুপার (লজিস্টিকস এন্ড ডেভেলপমেন্ট) এর সহিত পত্রালাপ করার জন্য নির্দেশনা দেন। | পুলিশ সুপার (লজিস্টিকস এন্ড ডেভেলপমেন্ট) | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়নের স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৯৩.৩০৯.২৩-২১৮৩ তাং-০৮/১০/২০২৩ খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। |

প্রশাসনিক বিষয়ক

| আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| জমি অধিগ্রহন/ বাসা ভাড়া সংক্রান্ত। | সভাপতি মহোদয় ময়মনসিংহ রিজিয়ন/জোন অফিস ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য জমি অধিগ্রহণ সংক্রান্তে জেলা প্রশাসক, ময়মনসিংহ এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ সাথে যোগাযোগ রেখে কার্যক্রম তদারকির জন্য নির্দেশনা দেন। | ইনচার্জ ময়মনসিংহ রিজিয়ন/ জোন |
| বকেয়া ভাউচার বিল সংক্রান্ত | ময়মনসিংহ রিজিয়নে কর্মরত পুলিশ পরিদর্শক (নিঃ) মোহাম্মদ রুহুল আমিন তালুকদার জানান যে, ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোনে বিভিন্ন দিবস উপলক্ষ্যে ব্যানার, ফেস্টুন, ফুলের তোড়া এবং মটর সাইকেল মেরামত বাবদ ভাউচার বিল<br>১। স্মারক নং-৯৫ তাং ০৯/০১/২৩ খ্রি. =২০০০/- (দুই হাজার) টাকা,<br>২। স্মারক নং-৪৩৪ তাং ০১/০৩/২৩ খ্রি. =১৮০০/- (এক হাজার আটশত) টাকা,<br>৩। স্মারক নং-৪৩৩ তাং ০১/০৩/২৩ খ্রি. =১২০০/- (এক হাজার দুইশত) টাকা,<br>৪। স্মারক নং-৪৮৭ তাং ১০/০৩/২৩ খ্রি. =১৮৫০/- (এক হাজার আটশত পঞ্চাশ) টাকা,<br>৫। স্মারক নং-৬০৩ তাং ২৮/০৩/২৩ খ্রি. =২০০০/- (দুই হাজার) টাকা,<br>৬। স্মারক নং-১৮৯৩ তাং ০২/০৯/২৩ খ্রি. =১২০০/- (এক হাজার দুইশত) টাকা,<br>৭। স্মারক নং-১০৫২ তাং ১৬/০৫/২৩ খ্রি. =১১,৮০০/- (এগারো হাজার আটশত) টাকা, (মটর সাইকেল মেরামত বাবদ)<br>৮। স্মারক নং-২১৭২ তাং ০৮/১০/২৩ খ্রি. =২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার<br>ভাউচার বিল দাখিল করেন কিন্তু অদ্যবধি ময়মনসিংহ রিজিয়ন/ জোনের অনুকূলে দাখিলকৃত বিলের টাকা পরিশোধ করা হয়নি। যা প্রশাসনিক কাজের জটিলতা সৃষ্টি হচ্ছে। | পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ট্যুরিস্ট পুলিশ হেডঃ ঢাকা। |
| ডিউটি অফিসার ও জিডি কার্যকর করা। | জোনের নামে বরাদ্দকৃত হটলাইন নম্বর দায়িত্বরত ডিউটি অফিসার অপারেট করবেন এবং হটলাইনে ফোন রিসিভকারী ডিউটি অফিসার সুন্দর ও মাধুর্য ভাষায় পর্যটকদের প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন। | ময়মনসিংহ জোন ইনচাজ |
| তথ্য আদান প্রদান বিষয়ে ট্যুরিস্টদের বিষয়ে অবহিতকরণ। | প্রতিটি রিসোর্টে সংশ্লিষ্ট জোনের ইনচার্জের নাম্বার, ডিউটি অফিসারের নাম্বার, ৯৯৯, হ্যালো ট্যুরিস্ট এ্যাপ এবং ট্যুরিস্ট পুলিশ হটলাইন নাম্বার (০১৩২০-২২২২২২, ০১৮৮৭-৮৭৮৭৮৭) থাকার ব্যাপারটি সু-নিশ্চিত করতে হবে। | ময়মনসিংহ জোন ইনচার্জ |
| রিসোর্ট/হোটেল/ মোটেল/স্থানীয় দর্শনীয় স্থান ইত্যাদি বিষয়ে তথ্য উপস্থাপন। | ময়মনসিংহ রিজিয়ন/জোনের ইনচার্জকে প্রতি মাসে তার আওতাধীন রিসোর্ট পরিদর্শন করার জন্য বলা হলো এবং রিসোর্টের আশপাশের ট্যুরিস্ট বান্ধব লোকজনের সাথে যোগাযোগ রক্ষা করা সহ নির্দিষ্ট ফরমে তথ্য হালনাগাদ করতে নির্দেশ প্রদান করা হলো ও তা প্রতি মাসের প্রথম সপ্তাহে কল্যাণ সভার পূর্বেই রিজিয়ন অফিসে প্রেরণ করার জন্য নির্দেশনা দেন। | ময়মনসিংহ জোন ইনচার্জ |
| বিভিন্ন হোটেলে ট্যুরিস্ট পুলিশের সেবা সংক্রান্ত ডেক্স বোর্ড স্থাপন। | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়নের আওতাধীন হোটেলগুলোতে ট্যুরিস্ট পুলিশের ডেক্স বোর্ড আছে কি না তা তদারকি করবেন এবং হোটেল কর্তৃপক্ষ উক্ত ডেক্স বোর্ডটি সার্বক্ষনিক অভ্যর্থনা ডেক্সে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। | ময়মনসিংহ জোন ইনচাজ |
| রোলকল, ছুটিতে গমন/সাক্ষী/ গড়হাজির/পোষাক ও অন্যান্য বিষয়ে তথ্য উপস্থাপন। | ০১) ময়মনসিংহ রিজিয়ন অফিস হতে স্মারক নং ৪৪.০১.২৬৬৭.৯৭৬.৯৩.৩৪২.২২ -২৬৫৫, তাং-৩০/১০/২০২২খ্রিঃ মূলে সপ্তাহে ০১(এক) দিন প্যারেড এবং সপ্তাহের অন্য ০৪ (চার) দিন পিটিসহ প্যারেড অনুশীলন বিষয়টি জোন ইনচার্জ নিশ্চিত করবেন এবং প্রতিবেদন দাখিল করবেন।<br>০২) ময়মনসিংহ রিজিয়ন/জোনে কর্মরত সকল সদস্য ড্রেস রুলস ২০০৪ অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে পোষাক পরিধান করবেন।<br>০৩) ময়মনসিংহ রিজিয়ন/জোনে কর্মরত সকলে প্রতিদিন সকাল ০৮.০০ ঘটিকায় এবং রাত্রি ২০.০০ ঘটিকায় রোলকলে উপস্থিত থাকবে। | ময়মনসিংহ জোন ইনচার্জ |
| প্রতিটি দর্শনীয় স্থানের নিকটবর্তী স্থানে ট্যুরিস্ট বান্ধব ব্যক্তিবর্গের তালিকা ও কতজনের সাথে এই মাসে যোগাযোগ করা হয়েছে। | ময়মনসিংহ রিজিয়ন/জোনের ইনচার্জকে জোনের আওতাধীন হোটেল/মোটেল/ রিসোর্ট পরিদর্শনের জন্য নিজস্ব অগ্রিম ডিউটি রোস্টার তৈরী করবে। জোনের ইনচার্জদের কে ট্যুরিস্ট বান্ধব স্থানীয়দের নিয়ে কমিউনিটি পুলিশিং সভা করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং প্রতি মাসের প্রথম সপ্তাহে কল্যাণ সভার পূর্বেই রিজিয়ন অফিসে প্রেরণ করার জন্য নির্দেশনা দেন। | ময়মনসিংহ জোন ইনচার্জ |

| | | |
|---|---|---|
| পর্যটকদের নিরাপত্তা বিষয়ে উদ্ভাবনমূলক কার্যক্রম। | পর্যটকদের নিরাপত্তার বিষয়ে উদ্ভাবনী চিন্তাধারার প্রয়োগ করতে নির্দেশ প্রদান করা হলো। প্রতি মাসে কমিউনিটি পুলিশিং এবং স্টেক হোল্ডারদের সাথে মিটিং এর স্থির ছবি ও ভিডিও প্রেরণ করার নির্দেশ প্রদান সহ ট্যুরিস্ট স্পটের আশপাশের লোকজনের সাথে যোগাযোগের তালিকা প্রনয়ন, ময়মনসিংহ রিজিয়ন/জোনের রেজিস্টার গুলো হালনাগাদ করার নির্দেশ প্রদান করা হলো। ময়মনসিংহ রিজিয়ন/জোনের ট্যুরিস্ট স্পটের নাম ও অফিসের সাথে স্পটের দূরত্ব সম্বলিত একটি Hanging Chart রাখার ব্যাপারে ইনচার্জদের কে নির্দেশ প্রদান করা হলো।ময়মনসিংহ রিজিয়ন/জোনের ইনচার্জগণ স্থানীয় থানা ও স্টেকহোল্ডারদের সাথে নিবিড় যোগযোগ স্থাপনের জন্য বলা হলো। | ময়মনসিংহ জোন ইনচার্জ |
| অফিসার ও ফোর্স সংক্রান্ত | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোনের অফিসার ও ফোর্স মাদক গ্রহণ, মাদক সংক্রান্ত কোন অপরাধে সম্পৃক্ত না হয়, সে বিষয়ে জোন ইনচার্জ নিয়মিত ব্রিফিং এবং সতর্কবাণী উচ্চারণ করবেন।<br><br>ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোনের অফিসার ও ফোর্স অনলাইনে সরকারি বিরোধী গুজব, মিথ্যা, উড়োসংবাদ কান না দেয় সে বিষয়ে সচেতন করবেন। | ময়মনসিংহ জোন ইনচার্জ |
| ডি-নথি সংক্রান্ত | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোন অফিসের দাপ্তরিক কার্যক্রম, বিভিন্ন গুরুত্বপূর্ণ পত্র, রিজিয়ন ও জোনের বদলির আবেদন এবং ছুটির কার্যক্রম ডি-নথিতে অন্তভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। | ময়মনসিংহ জোন ইনচার্জ |

## অপারেশন বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত

| আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | পত্র প্রেরণ |
|---|---|---|---|
| ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ জোন কোয়ালিটি পূর্ণ কাজ করবে। | ০১) পর্যটন স্পটে ডিউটি, পেট্রোল ডিউটির ক্ষেত্রে সু-সজ্জিত অবস্থায় একসাথে কমপক্ষে ৫/৬ জন ডিউটি করার জন্য নির্দেশ প্রদান করা হয়।<br>০২) জোনের এখতিয়ারাধীন গুরুত্বপূর্ণ স্পটে দৃশ্যমান ডিউটি করার জন্য রিফ্লেকটিভ ভেস্ট পরিধান করার নির্দেশ প্রদান করা হলো।<br>০৩) পর্যটন স্পটে ডিউটির সময়ে পর্যটক ও দর্শণার্থীরা কোন বিষয়ে সম্পর্কে জানতে চাইলে গুরুত্ব সহকারে শুনতে হবে।<br>০৪) পর্যটক ও দর্শণার্থীরা সমস্যায় পতিত হলে তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করতে হবে, যদি সমস্যা সমাধান করা না যায় তাহলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ডিউটি পার্টি নিয়মিতভাবে পর্যটন স্থানসমূহে পর্যটক/দর্শনার্থীদের বিরাজমান সময় পর্যন্ত ডিউটি পালন করবেন এবং পর্যটক/দর্শনার্থীগণের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন। | ময়মনসিংহ জোন ইনচার্জ | -- |
| যানবাহন বিষয়ক আলোচনা। | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ জোনের ইনচার্জ জানান ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ জোনের অনুকূলে সরবরাহকৃত যানবাহনের মধ্যে মটরসাইকেলের মেরামত করা হয়েছে। এ সংক্রান্তে ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকায় পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধি মটরসাইকেলের মেরামত বাবদ ভাউচার বিলের টাকা পাওয়া যায়নি। সভাপতি মহোদয় এ ব্যাপারে পূর্ববর্তী পত্রের স্মারক উল্লেখ পূর্বক পুনরায় পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। নতুন ০১ (এক) টি মটর সাইকেল রিজিয়ন অফিসের জন্য বরাদ্দ করা প্রয়োজন। | পুলিশ সুপার(লজিঃ এন্ড ডেভেঃ) ট্যুরিস্ট পুলিশ হেডঃ ঢাকা। | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়নের স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৯৩.১৫৫.২৩-১০৫২, তাং-১৬/০৫/২০২৩ খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। |
| কমিউনিটি পুলিশিং/ স্টেকহোল্ডার মিটিং/গনশুনানী /দেশী বিদেশী পর্যটকদের স্কট প্রদান এবং মাদক বিরোধী অভিযান। | জোন ইনচার্জ বার্ষিক এপিএ চুক্তি মোতাবেক মাস ভিত্তিক ভাগ করে কমিউনিটি পুলিশিং মিটিং/স্টেকহোল্ডারদের নিয়ে মতবিনিময় সভা/ গনশুনানী/দেশী বিদেশী পর্যটকদের স্কট প্রদান এবং মাদক বিরোধী অভিযান পরিচালনা করবেন যাতে এপিএ মোতাবেক ফলাফল অর্জিত হয় এবং কমিউনিটি পুলিশিং কমিটি আপডেট করতঃ পুলিশ সুপার ময়মনসিংহ রিজিয়ন'কে অবগত করার জন্য নির্দেশ প্রদান করেন। | ময়মনসিংহ জোন ইনচার্জ | -- |

| | | | |
|---|---|---|---|
| প্রশিক্ষণ | ১। প্রতিমাসে ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোনের অভ্যন্তরে পুলিশিং কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য বিভিন্ন ধরণের ট্রেনিং এর নির্দেশনা প্রদান করা হলো।<br>২। ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর ট্রেনিং শাখার সাথে সমন্বয়ন করে ময়মনসিংহ রিজিয়নে ট্রেনিং এর আয়োজন করার নির্দেশনা প্রদান করা হলো। | ময়মনসিংহ জোন ইনচার্জ | |

## মিডিয়া ও প্রচারনা

| আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ফেসবুক/হোয়াটস এ্যাপ/ইত্যাদি যোগাযোগ মাধ্যমে কতগুলো পোস্ট হয়েছে এবং তার প্রতিবেদন প্রনয়ন। | প্রতিদিন TP News Cell. ফেইসবুক Twitter. Whats app. ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমে ডিউটিরত কালীন ক্যাপশনসহ ছবি, পর্যটক/দর্শনার্থীদের সাথে মিথস্ক্রিয়ার ছবি, ফেইসবুকে পর্যটকদের ভালো মন্তব্যগুলো সামাজিক গণমাধ্যমে প্রকাশ করতে হবে।<br>স্থানীয় পত্রিকা/মিডিয়ার সাথে নিবিড় যোগাযোগ করে খবর প্রকাশের ব্যবস্থা করতে হবে। ময়মনসিংহ রিজিয়ন/জোনে প্রতিমাসে মিডিয়াতে আলোড়ন করেছে এমন সকল কার্যক্রম কম্পিউটারে ফোল্ডার করে আর্কাইভ হিসেবে সংরক্ষণ করবে।<br>ময়মনসিংহ রিজিয়নে একটি ইউটিউব চ্যানেল করার জন্য **জনাব মোহাম্মদ রুহুল আমিন তালুকদার, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন** ব্যবস্থা নিবেন। এখানে পাক্ষিক ভিত্তিতে রিজিয়ন/জোনের কার্যালয়ে সন্নিবেশিত হবে। | ময়মনসিংহ রিজিয়ন/ জোনের ইনচার্জগণ |
| মিডিয়া সংক্রান্ত | ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন/জোনের ফেইসবুক পেইজের ফলোয়ার বাড়ানোর চেষ্ট করবেন এবং ফেইসবুক ও ইউটিউবে নিয়মিত ছবি এবং ভিডিও আপলোড করবেন। | ময়মনসিংহ রিজিয়ন/ জোনের ইনচার্জগণ |

ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ জোন জানান, ময়মনসিংহ রিজিয়নের আওতাধীন পর্যটন স্পটে আগত ভ্রমণ পিপাসু দর্শনার্থী ও দেশী-বিদেশী পর্যটকদের সেবা প্রদানকালীন সুন্দর ছবি এবং পজেটিভ মন্তব্যসহ এক মিনিটের ভিডিও প্রতিদিন আপলোড করার জন্য বলেন। পর্যটকদের সাথে ভালো আচরণ এবং নিরাপত্তাসহ প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন।

পর্যালোচনা ঃ

সভায় উপস্থিত ও সংশ্লিষ্ট অফিসার ও ফোর্সদের সমস্যা আলোচনা পূর্বক তা সমাধানের উদ্দেশ্যে ঊর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো। ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়নের আওতাধীন পর্যটন স্পটে পর্যটকদের নিরাপত্তা ডিউটিতে পর্যটকদের সেবা প্রদানের ছবি প্রতিদিন নিউজ টিপি সেলে আপলোড করার এবং পর্যটন স্পটের ছোট ছোট ভিডিও ট্যুরিস্ট পুলিশ, ময়মনসিংহ রিজিয়নের নিকটে প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। পর্যটন স্পটে আগত দর্শনার্থী ও দেশি-বিদেশী পর্যটকদের পজেটিভ মন্তব্য ফেইজ বুক পেইজে এবং নিউজ টিপি সেলে পাঠানোর জন্য বলেন। ট্যুরিস্ট পুলিশকে ভিজিবল করার জন্য ফেইজ বুক, টুইটারে একটিভ হওয়ার জন্য বলেন। ফেইজবুক পেইজে ও টিপি নিউজ সেলে ক্যাপসনসহ ছবি পোষ্ট করতে হবে এবং নির্ধারিত তারিখে ক্যাপশন সহ ছবিগুলে মাসিক ফোল্ডার তৈরী করতঃ সংরক্ষণ করার নির্দেশনা দেন। সম্প্রতি বাংলাদেশে ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। সুতরাং আঙ্গিনা পরিষ্কার, ভবনের আশে পাশে জমে থাকা পানি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য বলা হলো। সকলকে ট্যুরিস্ট বান্ধব পুলিশিং করার নির্দেশনা দিয়ে সকলের সু-স্বাস্থ্য/দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হলো।

০৪/০৩/২৪

(ড. মোঃ আশরাফুর রহমান)
বিপি-৬৭৯৫০০৯২৪৯
পুলিশ সুপার
ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন।
ফোন ঃ ০২-৯৯৭৭১০৬৪২
Email : tourist.mym.sp@police.gov.bd

স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৯৩.১১৭.২৪-

তারিখ ঃ ০৪/০৩/২০২৪ খ্রি.।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১. ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ ।
২. অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা-সিলেট-ময়মনসিংহ, ডিভিশন।
৩. পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)/(প্লানিং এন্ড অপারেশন)/(লজিষ্টিকস্ এন্ড ডেভেলপমেন্ট)/ (লিগ্যাল এন্ড মিডিয়া) ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. স্টাফ অফিসার টু অতিরিক্ত আইজিপি, বাংলাদেশ পুলিশ, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা (সদয় অবগতির জন্য)।
৫. অফিস নথি।

(ড. মোঃ আশরাফুর রহমান)
বিপি-৬৭৯৫০০৯২৪৯
পুলিশ সুপার
ট্যুরিস্ট পুলিশ ময়মনসিংহ রিজিয়ন।
ফোন ঃ ০২-৯৯৭৭১০৬৪২
Email : tourist.mym.sp@police.gov.bd